

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬১৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬১৮]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৯: (নিদ্রা থেকে জাগ্রত হওয়ার পর) যে যিকরের মাধ্যমে কিয়ামুল লায়ল শুরু করা হবে

باب ذِكْرُ مَا يُسْتَفْتَحُ بِهِ الْقِيَامُ

আরবী

أَخْبَرَنَا عِصْمَةُ بْنُ الْفَضْلِ، قَالَ: حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، عَنْ مُعَاوِيَةَ بْنِ صَالِحٍ، قَالَ: حَدَّثَنَا الْأَزْهَرُ بْنُ سَعِيدٍ، عَنْ عَنَاصِمِ بْنِ حُمَيْدٍ، قَالَ: سَأَلْتُ عَائِشَةَ بِمَا كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَفْتِحُ قِيَامَ اللَّيْلِ؟ قَالَتْ: لَقَدْ سَأَلْتَنِي عَنْ شَيْءٍ مَا سَأَلَنِي عَنْهُ أَحَدٌ قَبْلَكَ، كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُكَبِّرُ عَشْرًا، وَيَحْمَدُ عَشْرًا، وَيُسَبِّحُ عَشْرًا، وَيُهَلِّلُ عَشْرًا، وَيَسْتَغْفِرُ عَشْرًا، وَيَقُولُ: اللَّهُمَّ اغْفِرْ لِي وَاهْدِنِي وَارْزُقْنِي وَعَافِنِي، أَعُوذُ بِاللَّهِ مِنْ ضَيْقِ الْمَقَامِ يَوْمَ الْقِيَامَةِ .

تخريج دارالدعوة: سنن أبي داود/الصلاة ١٢١ (٧٦٦)، سنن ابن ماجه/الإقامة ١٨٠ (١٣٥٦)، (تحفة الأشراف: ١٦١٦٦) مسند احمد ٦/١٢٣، ويأتي هذا الحديث عند المؤلف برقم: ٥٥٣٧ (حسن صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1618 - حسن صحيح

বাংলা

১৬১৭. ইসমাহ ইবনুল ফায়ল (রহ.) ‘আসিম ইবনু হুমায়দ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ‘আয়িশাহ্ (রাঃ) -কে প্রশ্ন করলাম, রসূলুল্লাহ (সা.) কোন যিকরের মাধ্যমে কিয়ামুল লায়ল শুরু করতেন? তিনি বললেন, তুমি আজ আমাকে এমন একটি বিষয়ে প্রশ্ন করেছ, যে বিষয়ে তোমার পূর্বে অন্য কেউ আমাকে প্রশ্ন করেনি। রসূলুল্লাহ (সা.) দশবার তাকবীর (আল্লা-হু আকবার) দশবার তাহমীদ (আলহামদু লিল্লা-হ) দশবার তাসবীহ (সুবহা-না-হ) দশবার তাহলীল (লা- ইলাহা ইল্লাল্লা-হ) এবং দশবার ইস্তিগফার (আস্তাগফিরুল্লা-হ) পড়তেন, আর বলতেন -

“আল্লাহ-হুমাগফিরলী ওয়াহদিনী ওয়ারযুকনী ওয়া আ-ফিনী আ’উযু বিল্লা-হি মিন যীকিল মাকা-মি ইয়াওমাল কিয়া-মাহ” (হে আল্লাহ! আমাকে ক্ষমা কর, আমাকে হিদায়াত দান কর, আমাকে রিয়ক দান কর, আমাকে সুস্থতা দান কর; আমি আল্লাহর নিকট কিয়ামত দিবসের সংকীর্ণতা হতে আশ্রয় চাই)।

English

With what Qiyam should begin

It was narrated that 'Asim bin Humaid said: I asked 'Aishah with what did he-meaning the Prophet (ﷺ)- start Qiyam Al-Lail? She said: 'You have asked me something which no one before you has asked. The Messenger of Allah (ﷺ) used to say the takbir ten times, the tahmid ten times, the tasbih ten times, and the tahlil ten times, and pray for forgiveness ten times, and say: Allahummaghfirli, wahdini, warzuqni wa 'afini. A'udhu billahi min diqil-maqami yawmal-qiyamah (O Allah, forgive me, guide me, grant me provision and good health. I seek refuge with Allah from the difficulty of standing on the Day of Resurrection.)

ফুটনোট

সহীহ: আবু দাউদ ৭৬৬, ইবনু মাজাহ ১৩৫৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আসিম ইবন হুমায়েদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90113>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন